

Class – 1

Subject – 2nd Language Bengali

Chapter – কবিতা – শিশুর কামনা

কবিতার নাম – শিশুর কামনা

কবির নাম – অজ্ঞাত

অজ্ঞাত - শব্দের অর্থ হল অজানা বা যা জানা নয় ।

কবিতার সংক্ষিপ্তসার:-

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে আমাদের মনে মনে প্রার্থনা করা উচিত যে আমরা যেন সারাদিন ভাল ভাবে থাকতে পারি ।

সকালে ঘুম থেকে ওঠার পর আমাদের গুরুজনেরা অর্থাৎ যারা আমাদের থেকে বয়সে বড় তারা আমাদের যে কাজের জন্য আদেশ করবেন, সেই কাজগুলি আমরা যেন ভাল মনে করতে পারি ।

আমরা যেন সর্বদা আমাদের ভাইবোনদের ভালবাসা দিতে পারি এবং আমাদের ব্যবহারে কখনও যেন কোনো দাসদাসী অর্থাৎ যারা আমাদের সুবিধার জন্য আমাদের কাছে কাজ করেন তারা যেন কষ্ট না পায় ।

আমরা যেন সর্বদা ভাল ছেলে বা ভাল বন্ধুদের সাথে খেলাধুলা করতে পারি এবং যখন আমরা পড়াশোনা করতে বসবো তখন যেন মন দিয়ে পড়াশোনা করতে পারি ।

আমরা যেন সবসময়ে নিজের লোভকে সংযত করতে পারি এবং কাউকে যেন কোনো সময়ই আমরা না ঠকাই ।

প্রতিদিন সকালে ঘুম থেকে ওঠার পর সারাদিন যেন আমাদের সাথে কারুর ঝগড়া না হয়, সেই কথাই আমাদের প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে মনে মনে প্রার্থনা করা উচিত ।

Work Sheet

Q-1. ফাঁকা জায়গায় সঠিক অক্ষরটি লেখো:-

(I) সা রা দি _____

(II) আ দে _____

(III) কা _____

(IV) ভা _____

(V) দা _____ দা সী

(VI) স _____ য়

(VII) পা _____

(VIII) ঝ _____ ড়া

(IX) যে _____

(X) মো _____

Q-2. সঠিক উত্তরে (✓) চিহ্ন দাও:-

1) অজ্ঞাত শব্দের অর্থ কি?

(I) জানা

(II) অজানা

2) সকালে ঘুম থেকে উঠে আমাদের কি ভাবে প্রার্থনা উচিত?

(I) মনে মনে

(II) জোড়ে জোড়ে

3) আমাদের কাদের আদেশ পালন করা উচিত?

(I) বন্ধুদের

(II) গুরুজনদের

4) আমাদের কাদের সাথে খেলাধুলা করা উচিত?

(I) ভাল ছেলে

(II) মন্দ ছেলে

5) আমাদের কি উচিত মিছে কথা বলা?

(I) হ্যাঁ

(II) না

Q-3. শূন্যস্থান পূরণ করঃ-

- (I) সারাদিন আমি যেন _____ হয়ে চলি ।
- (II) আমি যেন সেই _____ করি _____ মনে ।
- (III) মোর লাগি ব্যথা নাহি _____ দাসদাসী ।
- (IV) মিছে _____ কভু যেন নাহি আসে মুখে ।
- (V) ঝগড়া _____ করি যেন কভু কারো সনে ,

পাঠমালার Desk Work:-

Page No. 4 Question No. 5

And Question No. 6
